# নতুন Scotland নির্মাণ:
# স্বাধীন Scotland-এ ন্যায়বিচার

BUILDING A NEW SCOTLAND

## সারাংশ


নতুন Scotland নির্মাণ' সিরিজের এই ত্রয়োদশ পেপারটিতে স্বাধীন Scotland-এ ন্যায়বিচারের জন্য স্কটিশ সরকারের প্রস্তাবগুলি উল্লেখ করা হয়েছে। পূর্ণ প্রকাশনায় প্রস্তাবগুলি সম্পর্কে আরও বিশদ বিবরণ, যেসব তথ্যের ভিত্তিতে জানা গিয়েছে তার বিশ্লেষণ এবং তথ্যসূত্র প্রদান করা হয়েছে।

এই পেপারটি Scotland-এর ন্যায় ব্যবস্থার ওপর আলোকপাত করে, যেটি ইতিমধ্যেই বহুলাংশে বিকশিত হয়েছে এবং পূর্ণ স্বাধীনতা যে সুবিধাগুলি আনতে পারে তা স্থির করেছে। আইনি এখতিয়ারের হিসাবে হস্তান্তর করার অনেক আগে থেকেই Scotland-এর স্বাতন্ত্র্যের সূচনা হয়েছে এবং এটি ইউনিয়ন আইন 1707-এ সংরক্ষিত ছিল। ন্যায় ব্যবস্থার মধ্যে ইতিমধ্যে নিজস্ব স্বতন্ত্র বিচার বিভাগ, আদালত, প্রসিকিউশন পরিষেবা, ট্রাইব্যুনাল এবং অন্যান্য ন্যায় সংক্রান্ত আইনি সংস্থা এবং নিজস্ব আইনি পেশাগুলি রয়েছে। তাছাড়াও, পৃথক কারাগার,পুলিশ,অগ্নি নির্বাপন এবং উদ্ধার পরিষেবা রয়েছে।

স্বাধীনতার অর্থ হল ন্যায়বিচারের ক্ষেত্রে Scotland নিজেই সমস্ত সিদ্ধান্ত নিতে পারবে যা বর্তমানে সংরক্ষিত রয়েছে এবং নীতি ও কার্যনির্বাহী সিদ্ধান্তগুলি সবই Scotland-এই নেওয়া হবে। এটি Scotland-এর নির্দিষ্ট পরিস্থিতি এবং প্রয়োজনের সাথে সামঞ্জস্যপূর্ণ সিদ্ধান্ত সহ মাদক, জুয়া এবং সংগঠিত অপরাধের মতো আমাদের সমাজের সম্মুখীন হওয়া সবচেয়ে চ্যালেঞ্জিং কিছু বিষয়ে আরও মনোযোগী হওয়ার এবং সৃজনশীল পদক্ষেপ গ্রহণ করার সুযোগ তৈরি করবে।

একটি স্বাধীন Scotland মুক্ত, ব্যাপৃত এবং ইতিবাচক আর্ন্তজাতিক অংশীদার হয়ে উঠবে যেটি সীমানা ব্যাপী ন্যায় বিচার বিষয়ক সমস্যাগুলিতে একটি মুখ্য ভূমিকা পালন করতে পারবে। আমাদের আর্ন্তজাতিক অংশীদারদের সঙ্গে সহযোগিতার মাধ্যমে স্বাধীন Scotland আমাদের মিলিত উদ্দেশ্যগুলিকে আরো এগিয়ে নিয়ে যাবে, বিশেষ করে সন্ত্রাসবাদ- বিরোধ, সাইবার অপরাধ এবং গুরুতর ধরনের সংগঠিত অপরাধের বিরুদ্ধে বিশ্ব-ব্যাপী চ্যালেঞ্জগুলি তুলে ধরতে সম্পূর্ণ ভূমিকা পালন করবে।


## ন্যায়ের দিকে অগ্রসর হওয়া

স্কটিশ সরকার Scotland-এ ন্যায় প্রতিষ্ঠার একটি সুস্পষ্ট লক্ষ্য স্থির করেছে যেটি হল ন্যায্য, নিরাপদ এবং সহনশীল একটি দেশ তৈরি করা। বছরের পর বছর ধরে ন্যায় ব্যবস্থার বিভিন্ন ক্ষেত্রে পর্যাপ্ত উন্নতি হয়েছে। Scotland আরো অনেক বিষয়ে অনেক কাজ করার মাধ্যমে গর্বিত হতে পারে এবং যা আমাদের উচ্চাভিলাষী ডেলিভারি প্ল্যানে দেখানো হয়েছে।

স্বাধীন Scotland-এ আমাদের বিভিন্ন ধরনের নীতিগত এবং কার্যগত হাতিয়ার রয়েছে যেগুলি Scotland-এর মানুষদের নিরাপদ রাখতে, অপরাধ কমাতে এবং তাদেরকে ক্ষতির হাত থেকে নিরাপদ রাখার জন্য রাখতে আমাদের শক্তিশালী রেকর্ড গড়ে তোলার জন্য প্রয়োজন হয়। মানবাধিকার ভিত্তিক পদ্ধতির প্রতি এই সরকারের প্রতিশ্রুতি ন্যায়বিচারের সকল ক্ষেত্রে প্রসারিত হবে যা Scotland-এর মানুষদের অধিকার সুনিশ্চিত করবে, মানবাধিকার সম্পর্কিত ইউরোপীয় কনভেনশন সহ সর্বাধিক আর্ন্তজাতিক মানের সঙ্গে তাল মিলিয়ে বহাল থাকবে।

আমাদের বিচার ব্যবস্থা নীতিগত পদ্ধতির মুখ্য দিক হিসেবে প্রতিরোধ, প্রাথমিক হস্তক্ষেপ এবং পুনর্বাসনের উপর ফোকাস করতে থাকবে। তাছাড়া, ব্যক্তি-কেন্দ্রিক এবং মানসিক আঘাত সংক্রান্ত -অবহতিমূলক দৃষ্টিভঙ্গির পদ্ধতিকে অগ্রাধিকার দিতে হবে যাতে প্রতারণা হ্রাস করা যায় এবং মহিলা ও মেয়েদের বিরুদ্ধে হিংস্রতার মোকাবিলা করা যায়।

## পার্থক্য করা

স্বাধীনতা কার্যকরী দেশ গঠনের জন্য প্রয়োজনীয় কাঠামো তৈরির চেয়েও বেশি কিছু। এই পেপারটি স্বাধীনতা থেকে উদ্ভূত একাধিক সুযোগ সুবিধার ওপর ফোকাস করে যেগুলি Scotland-কে গুরুতর ধরনের সংগঠিত অপরাধ, আগ্নেয়াস্ত্র এবং মানব পাচারের মত ক্ষেত্রগুলিতে একটি ভিন্ন দৃষ্টিভঙ্গি গ্রহণের নতুন সুযোগ সুবিধা প্রদান করবে।

স্বাধীনতা আমাদের জন-গণস্বাস্থ্য ভিত্তিক দৃষ্টিভঙ্গিকে সহিংসতা হ্রাসের দিকে সম্প্রসারিত করবে, যেখানে আমরা প্রতিরোধের দিকে মনোনিবেশ করব – ঠিক যেমন কোনো রোগের বিরুদ্ধে টীকা দান করা সমীচীন ভাল, তেমনই সহিংসতা একবার ঘটলে প্রতিক্রিয়া দেখানোর চেয়ে প্রতিরোধ করা ভাল। এই পন্থাটি বর্তমানে সংরক্ষিত ক্ষেত্র যেমন মাদকদ্রব্য নীতির সংস্কারের দিকে সম্প্রসারিত হবে। আমাদের প্রস্তাবনাগুলি এটাও দেখায় কিভাবে নীতিগত এবং কার্যগত` দক্ষতাকে একত্রিত করে এমন একটি উপায়ে বড় ধরনের হুমকি মোকাবেলা করা যাবে যা Scotland এর সম্মুখীন হওয়া নির্দিষ্ট চ্যালেঞ্জগুলির উপর ফোকাস করে এবং কীভাবে সন্ত্রাস এবং সাইবার অপরাধের মত অত্যাধুনিক ভীতিগুলির বিরুদ্ধে লড়ার জন্যে প্রয়োজনীয় নিরাপত্তা এবং গোয়েন্দা বিভাগের সক্ষমতা তৈরি করা হবে।

## সহযোগিতা শক্তিশালী করা

স্বাধীনতা অর্জনের পর স্কটিশ সরকারের লক্ষ্য হল স্বাধীন Scotland-এর জন্য যত তাড়াতাড়ি সম্ভব EU-তে যোগদানের জন্য আবেদন করা। EU-তে পুনরায় যোগ দিলে Scotland-এর সেই সব ব্যবস্থাপনা এবং নেটওয়ার্কগুলির সুযোগ সুবিধা উপভোগ করা সুনিশ্চিত হবে যেগুলি ব্রেক্সিটের পরে হারিয়ে গিয়েছিল।

স্বাধীনতা এলে Scotland কাউন্সিল অফ ইউরোপ, জাতিসংঘ এবং ইন্টারপোলের একটি আসনসহ আন্তর্জাতিক মঞ্চে প্রতিনিধিত্ব করতে পারবে। আমাদের আর্ন্তজাতিক অংশীদারদের সঙ্গে সহযোগিতার মাধ্যমে একটি স্বাধীন Scotland বৈশ্বিক চ্যালেঞ্জগুলি মোকাবিলা করতে আমাদের সামগ্রিক ভূমিকা পালনের মাধ্যমে আমাদের শেয়ার করা উদ্দেশ্যকে এগিয়ে নিতে সক্ষম হবে।

আমরা UK-এর অন্যান্য অংশের কর্তৃপক্ষের সহযোগিতায় মিলিতভাবে বিদ্যমান, সফল মডেল এবং ইতিমধ্যে বিদ্যমান সম্পর্কগুলির উপর ভিত্তি করে গড়ে তুলব। আমাদের পৃথক আইনি ব্যবস্থা এবং নির্দিষ্ট ফৌজদারী বিচার ব্যবস্থার অর্থ হল এই যে, Scotland এবং ইংল্যান্ড ও উত্তর আয়ারল্যান্ডের বর্তমান বিচার বিভাগীয় সীমানা জুড়ে আমাদের পুলিশ এবং প্রসিকিউটারসমূহ কীভাবে সহযোগিতা করে চলেছেন সে বিষয়ে আমাদের ইতিমধ্যেই বন্দোবস্ত করা আছে।

## উপসংহার

মধ্যযুগ থেকেই Scotland-এর নিজস্ব আইনি ও বিচার ব্যবস্থা রয়েছে। গড়ে তোলার জন্যে আমাদের কাছে বহু শক্তি ও সাফল্যের দিক রয়েছে, যা আমাদের এই আত্মবিশ্বাস যোগায় যে স্বাধীন Scotland-এ আমরা ন্যায্য এবং কার্যকরী ন্যায়বিচার প্রদানের জন্য প্রয়োজনীয় অবশিষ্ট উপাদানগুলি যোগ করতে পারব।

স্কটিশ সরকার একটি ন্যায্য, নিরাপদ, সহনশীল Scotland নির্মাণের একটি সুস্পষ্ট লক্ষ্য স্থির করে দিয়েছে এবং বিচারবিভাগে মুখ্য অংশীদারদের সঙ্গে যৌথভাবে প্রদান করার মত সংস্কারের একটি উচ্চাভিলাষী কর্মসূচী নির্দিষ্ট করে দিয়েছে।

স্বাধীনতার পরে সংস্কারের এই উচ্চাভিলাষী কর্মসূচীটি সেই সব স্থানেও সম্প্রসারিত হবে যেখানে বর্তমানে UK সরকার নিয়ন্ত্রণ বজায় রেখেছে। Scotland-এর নির্দিষ্ট চাহিদা এবং পরিস্থিতিগুলি সম্পূর্ণরূপে তুলে ধরতে বর্তমান বন্দোবস্তগুলি নীতি, আইন প্রণয়ন এবং প্রয়োগের মধ্যে সামঞ্জস্য করার ক্ষমতাগুলিকে সীমিত করতে পারে।

স্বাধীনতা আমাদেরকে UK-এর ভিতরে এবং আন্তর্জাতিকভাবে উভয় ক্ষেত্রেই সেই সকল দেশের সাথে মিলিতভাবে কাজ করে বর্তমান সম্পর্ক গড়ে তুলতে বজায় রাখতে এবং নতুন সম্পর্ক তৈরি করতে সাহায্য করবে, যে দেশগুলির লক্ষ্য আমাদের মতো একই।

© The Scottish Government 2024

স্কটিশ সরকার এপ্রিল 2024-এ প্রকাশ করেছে

এটি স্কটিশ সরকারের জন্য প্রস্তুত করেছে APS Group Scotland, 21 Tennant Street,
Edinburgh EH6 5NA PPDAS1447206 (04/24)